বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল
Bangladesh Veterinary Council
৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০।
ফোন ঃ ৭৩৪৩২৬০, ফ্যাক্সঃ ৫৭৩১১৪২১, ই-মেইলঃ info@bvc.gov.bd, ওয়েবসাইটঃ www.bvc.gov.bd

# বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল কর্তৃক অনুমোদিত সভাপতি ও সহ-সভাপতি নির্বাচন পদ্ধতি

১। নবগঠিত কাউন্সিলের সকল সদস্যকে নিয়া সভাপতি ও সহ-সভাপতি নির্বাচনের নির্বাচক মন্ডলী গঠিত হইবে এবং প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোটাধিকার থাকিবে।

২। অধ্যাদেশের ৩ (তিন) অনুচ্ছেদের (২) ধারা এবং বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল আইন-২০১৯ এর ৬(২) ধারা অনুযায়ী সদস্যগন তাঁহাদের মধ্য হইতে সভাপতি ও সহ-সভাপতি নির্বাচন করিবেন, যাহাদেরকে অবশ্যই রেজিষ্টার্ড ভেটেরিনারি প্র্যাকটিশনার্স হইতেই হইবে।

৩। বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল রেগুলেশন-১৯৮৫ এর ৯(২) ধারা অনুযায়ী নির্বাচন কর্তৃপক্ষের চেয়ারম্যানের পরিচালনায় নির্বাচন অনুষ্ঠিত হইবে।

৪। প্রতিদ্বন্দী প্রার্থীদের নাম নির্ধারিত তারিখে নবগঠিত কাউন্সিলের প্রথম অধিবেশনে নির্দিষ্ট সময়ের মধ্যে সদস্যগন কর্তৃক প্রস্তাবিত ও সমর্থিত হইতে হইবে।

৫। নির্বাচন কর্তপক্ষের চেয়ারম্যান প্রতিদ্বন্ধী প্রার্থিদের নাম ঘোষনার পর মনোনয়ন প্রত্যাহারের জন্য কিছু সময় নির্দিষ্ট করিয়া দিবেন এবং কেহ ইচ্ছা করিলে তখন তাঁহার নাম প্রত্যাহার করিতে পারিবেন। কাহাকেও তাঁহার ইচ্ছার বিরুদ্ধে নির্বাচিত বা প্রত্যাহার করা চলিবে না।

৬। অধিবেশন কক্ষে অধিবেশনের দিন নির্ধারিত সময়ের মধ্যে সকল সদস্যকে অবশ্যই উপস্থিত হইতে হইবে। নির্ধারিত সময়ের পরে কেহ উপস্থিত হইলে নির্বাচনে অংশ গ্রহন বা ভোট দান করিতে পারিবেন না।কমপক্ষে ৭ (সাত) জন কাউন্সিলরের উপস্থিতিতে কোরাম হইবে।

৭। যদি সভাপতি ও সহ-সভাপতি নির্বাচনের জন্য কেবল মাত্র একজন বৈধ প্রার্থী বিবেচিত হন তাহা হইলে নির্বাচন কর্তৃপক্ষের চেয়ারম্যান তাঁহাদেরকে সভাপতি ও সহসভাপতি হিসাবে নির্বাচিত বলিয়া ঘোষনা করিবেন।

৮। একাধিক বৈধ প্রার্থী হইলে নির্ধারিত সময়ে ভোটের মাধ্যমে সভাপতি ও সহসভাপতি নির্বাচন অনুষ্ঠিত হইবে।

৯। ভোট দান গোপন ব্যালট অথবা হাত তুলিয়া অনুষ্ঠিত হইবে। ইহা নবগঠিত কাউন্সিলের সদস্যদের সংগে চেয়ারম্যান পূর্বাহ্নে আলোচনা করিয়া ঠিক করিবেন। যদি ব্যালট পেপার দ্বারা নির্বাচন অনুষ্ঠান নির্ধারিত হয় তাহা হইলে কিরুপ ব্যালট পেপার ব্যবহৃত হইবে চেয়ারম্যান তাহা স্থির করিবেন। ভোট গননার সময় সকল সদস্যই উপস্থিত থাকিতে পারিবেন।

১০। ভোট সমান সংখ্যক হইলে লটারীর দ্বারা সিদ্ধান্ত গ্রহন করা হইবে।

১১। গননা শেষ হইলে চেয়ারম্যান নির্বাচিত সভাপতি ও সহসভাপতি-এর নাম ঘোষনা করিবেন এবং নির্বাচিত সভাপতি ও সহসভাপতি ঐ দিন হইতেই তাঁহাদের কার্যভার গ্রহণ করিবেন।

(বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের এই নির্বাচন পদ্ধতি ১৫-০৩-২০২৬ তারিখে অনুষ্ঠিত ১২৭তম জরুরী সভায় অনুমোদিত)

১৫.০৩.২০২৬

ডা. মো: মনজুর কাদির
সভাপতি
বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল।